# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ জিয়াউর রহমান
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ২২.০২.২০২৬ খ্রিষ্টাব্দ, বেলা ১১.০০টা

সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত মাসে পৌরসভার হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর ও অন্যান্য খাতে রাজস্ব আদায়ের তথ্য/হিসাব বিবরনী উপস্থাপন করেন। উপস্থাপিত হিসাব বিবরণী সভায় পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং ট্যাক্স নূন্যতম ৮০% এবং নন ট্যাক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে নূন্যতম ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে নূন্যতম ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের নূন্যতম ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে আদায়ের নতুন নতুন উৎস বের করা প্রয়োজন। তিনি আরো জানান বকেয়াসহ হালসনের ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য অভিযান পরিচালনা করা জরুরী।<br><br>সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ন। এ প্রকল্প হতে বরাদ্ধকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় অবকাঠামো উন্নয়নের কাজ চলমান আছে এবং আরো কাজ করার সুযোগ রয়েছে। কাজেই প্রকল্পের শর্তাবলী পূরণসহ পৌরবাসীকে কাঙ্খীত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য। পৌরসভার হোল্ডিং, নন-হোল্ডিং ট্যাক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। পৌরসভার পাওনা বিভিন্ন কর, ফি রেইটস ইত্যাদি আদায়ের জন্য জোরালো ব্যবস্থা গ্রহন করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত :** বকেয়াসহ হালসনের হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি, ও অন্যান্য কর , ফি, রেইটস্ ইত্যাদি আদায়ের জন্য করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং ট্যাক্স ও নন হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। অন্তর্বতীকালীন এসেসমেন্টের মাধ্যমে বাদপড়া ও নতুন, নতুন হোল্ডিং এর কর ধার্য | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | ও আদায় করতে হবে। তাছাড়া আদর্শ কর তফসিল ২০১৪ (সংশোধনী ২০১৭) এর আলোকে নতুন নতুন উৎস/খাত হতে কর/ফি আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। | |
| ০২ | উন্নয়নমূলক কর্মকান্ড সংক্রান্ত : | (ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, এডিপি, কোভিড-১৯, IUGIP প্রকল্পের আওতায় পূর্বে গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সম্ভাব্য সাধারণ বরাদ্ধ ৮২.০৮ লক্ষ টাকার এবং বিশেষ বরাদ্ধ ৪০.০০ লক্ষ টাকার প্রকল্পের খসড়া তালিকা ও প্রাক্কলন প্রস্তুত করার কাজ প্রায় শেষ হয়েছে। খুব দ্রুতই দরপত্র আহবান করা হবে।<br><br>সিদ্ধান্ত ২.১ : চলমান এডিপি, কোভিড-১৯, ও IUGIP প্রকল্পের আওতায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ২.২ : চলতি বছরের এডিপি খাতে সাধারন ও বিশেষ বরাদ্ধের অর্থে দ্রুত দরপত্র আহবানের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী<br>(গ) সদস্য (সকল) সহায়ক কমিটি। |
| ০৩ | ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ। | হিসবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্নকর্মী/দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকগণ ৩টি টিমে ভাগ হয়ে ২টি শিপ্টে ময়লা আবর্জনা পরিস্কারের কাজ করে যাচ্ছে। ডে শিপ্টে ১টি টিম শহরের উত্তরাংশে (৫টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য, ১টি টিম দক্ষিনাংশের (৪টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য এবং অন্য ১টি টিম শহরের সকল ডাস্টবিনের ময়লা আবর্জনা অপসারনের কাজ সমপন্ন করছেন। তাছাড়া নাইট শিপ্টে ২টি টিমে ভাগ হয়ে শহরের রাস্তাঘাট ঝাড়ু দিয়ে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ করে যাচ্ছে। ময়লা আবর্জনা অপসারনের কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br><br>তিনি আরো জানান চুনারুঘাট পৌরসভায় দীর্ঘদিন যাবৎ কাজ করে আসা দৈনিক শ্রমিক মোঃ লিটন মিয়া কয়েক মাস আগে কাজ ছেড়ে দিয়েছিলেন। এখন তিনি আবার কাজে যোগ দিতে আগ্রহী। দৈনিক হাজিরাভিত্তিক শ্রমিক হিসেবে তাকে কাজ করার সুযোগ দেয়ার জন্য প্রশাসক মহোদয়কে অনুরোধ করছেন।<br><br>**সিদ্ধান্ত ৩.১:** নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে, সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। ময়লা আবর্জনার স্তুপে এবং ড্রেন, ডাস্টবিনের আশেপাশে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে।<br><br>**সিদ্ধান্ত ৩.২:** মোঃ লিটন মিয়াকে দৈনিক হাজিনা ভিত্তিক পরিচ্ছন্ন কর্মী/শ্রমিক হিসেবে পুনঃনিয়োগ করা হলো। তিনি ১লা মার্চ ২০২৬ তারিখ হতে কাজে যোগ দিবেন। তাকে পূর্বের ন্যায় দৈনিক ৪০০/- (চারশত) টাকা হারে মুজুরী প্রদান করা হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৪ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ : | সভায় ডেঙ্গুসহ মশাবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত মশক নিধন ঔষধ প্রয়োগের বিষয়ে আলোচনা হয়।<br><br>হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, পৌর প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে ২টি ফগার মেশিন ও ২টি স্প্রে মেশিন দিয়ে সমগ্র পৌর এলাকায় পালাক্রমে প্রতিদিন (শুক্রবার ব্যতিত) পূর্বাহ্নে লার্ভিসাইড ঔষধ এবং অপরাহ্নে এডাল্টিসাইট ঔষধ ছিটানো হচ্ছে। ইতঃপূর্বে ক্রয়কৃত লার্ভিসাইড ঔষধ এবং এডাল্টিসাইড ঔষধের মজুদ প্রায় শেষ। কমিটির সদস্য জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চুনারুঘাট বলেন- নিয়মিত মশক নিধন ঔষধ ছিটানোর কার্যক্রমটি জনসাধারনের মধ্যে খুবই প্রশংসিত হচ্ছে এবং জনস্বার্থে এ কার্য়ক্রম অব্যাহত রাখা খুবই জরুরী। "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫"- এ জানুয়ারী থেকে ডিসেম্বর বছরব্যাপী মশক নিধন কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে। মশক নিধন কার্যক্রম অব্যাহত | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | রাখার জন্য জরুরীভিত্তিতে মশক নিধন ঔষধ ক্রয় করার বিষয়য় সভায় বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে নিয়মিত মশক নিধন ঔষধ ছিটানোর জন্য জরুরী ভিত্তিতে লার্ভিসাইড ঔ এডাল্টিসাইট ঔষধ ক্রয়ের বিষয়ে সকলেই একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত : "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্ধ ও ব্যবহার নির্দেশিকা, ২০২৪ এর ক্রমিক ৬.১, ১ (৬) এ বর্ণিত "স্বাস্থ্য পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি, সরঞ্জামাদি ক্রয়/সরবরাহ/নির্মান" খাতের আওতায় জনস্বার্থে ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) তহবিলের অর্থায়নে 'পিপিআর ২০২৫ এর বিধি ৯৯ অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে ০২ (দুই) ড্রাম (প্রতি ড্রামে দুইশত লিটার) এডাল্টিসাইট এবং ১০ (দশ) লিটার লার্ভিসাইড ঔষধ জরুরী ভিত্তিতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৫ | বিবিধ : (১)<br>চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান প্রসঙ্গে : | হিসাবরক্ষন কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০১০.২৫ (অংশ-২)-৮১, তারিখ ২৯.০২.২০২৬ খ্রিঃ মূলে জনাব উম্মে রুমানা তুয়া (১৬৯৬৬) উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও ঢাকা এর দুরারোধ্য ক্যান্সার চিকিৎসার জন্য এবং একই বিভাগ ও শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯. ০০১০. ২৫ (অংশ-২)-৮২, তারিখ ২৯.০২.২০২৬ খ্রিঃ মূলে জনাব কামরুল ইসলাম খান (১৬৭৫৮) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, কৃষি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা এর স্ত্রী'র দুরারোধ্য ক্যান্সার চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদানের জন্য পত্র প্রদান করা হয়েছে। উক্ত ২টি আবেদনপত্র তিনি সভায় উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচন করা হয় এবং স্থানীয় সরকার বিভাগের পত্রের প্রেক্ষিতে মানবিক দিক বিবেচনা করে চিকিৎসার জন্য তাদেরকে অনুদান প্রদানের বিষয়ে সকলেই একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্তঃ স্থানীয় সরকার বিভাগের পত্রের প্রেক্ষিতে মানবিক দিক বিবেচনা করে পৌর রাজস্ব তহবিল হতে আবেদনকারী ২ জনের প্রত্যেককে ২০ (বিশ) হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত হয়। | |
| | বিবিধ : (২)<br>দৈনিক হাজিরাভিত্তিক শ্রমিকদের উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে : | পবিত্র ঈদুল ফিতর'২০২৬ উপলক্ষ্যে অত্র পৌরসভায় কর্মরত দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্ন কর্মী/শ্রমিকদের উৎসব ভাতা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। পবিত্র ঈদুল ফিতর'২০২৬ উপলক্ষ্যে মানবিক দিক বিবেচনায় বিগত বছরের ন্যায় তাদেরকে উৎসব ভাতা প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগন মত প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত ; কর্মরত মুসলমান পরিচ্ছন্ন কর্মী/শ্রমিকদের প্রত্যেককে জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা হারে উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিবিধ : (৩)<br>এককেভটর, মিকছার মেশিন ও অন্যান্য গাড়ি যন্ত্রপাতির ভাড়া পুনঃনির্ধারন প্রসঙ্গে। | উপ সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ সভায় জানান যে, ২৫.১১.২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদ সভায় রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে পৌরসভার এসকেভেটর (ভেকু) এর দৈনিক ভাড়া (ভ্যাট সহ) ৭,০০০/- (সাত হাজার) টাকা এবং মিকছার মেশিনের দৈনিক ভাড়া (ভ্যাট সহ) ১,০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা হয়। কিন্তু এই পরিমান ভাড়া দিয়ে এসকেভেটর (ভেকু) এবং মিকছার মেশিন ভাড়া নিতে কেউ আগ্রহী নয়। এমতাবস্থায় ভাড়া না হওয়ায় একদিকে পৌরসভা রাজস্ব হারাচ্ছে অন্যদিকে গাড়ি/মেশিনগুলো সচল না থকায় যন্ত্রাংশসমূহ নষ্ট হয়ে পড়ছে। পৌরসভার রাজস্ব বৃদ্ধিসহ গাড়ি/মেশিনগুলো সচল রাখার স্বার্থে সরজমিনে চুনারুঘাট পৌরসভার অভ্যন্তরস্থ স্থানীয় ঠিকাদার ও অন্যান্য ব্যবহারকারীগনের সাথে যোগাযোগ ও আলোচনা করেন এবং ভাড়ার হার কমানো হলে এগুলো ভাড়ায় নিবেন মর্মে ঠিকাদার/ ব্যবহারকারীগণ তাকে জানিয়েছেন। রাজস্ব আয়ের স্বার্থে এসকেভেটর (ভেকু) এবং মিকছার মেশিনের দৈনিক ভাড়া কমিয়ে বাজার মুল্যের সাথে সামঞ্জস্য রেখে ভাড়া পুন:নির্ধারনের জন্য তিনি সভায় অনুরোধ জানান। সভায় এ বিষয়ে আলাপ আলোচনা করা হয়। আলোচনান্তে ভাড়া পুন:নির্ধারনের বিষয়ে প্রস্তাবনা/সুপারিশ প্রদানের জন্য ৩ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠনের বিষয়ে উপস্থিত সদস্যগন মত প্রকাশ করেন। | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত : এসকেভেটর (ভেকু), মিকছার মেশিন ও অন্যান্য গাড়ি/যন্ত্রপাতির দৈনিক ভাড়া পুনঃনির্ধারনের জন্য নিম্নোক্তভাবে ৩ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হলো<br><br>(ক) জনাব মোঃ ফজলুল হক, উপজেলা প্রকৌশলী, চুনারুঘাট ও সদস্য পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি ,চুনারুঘাট পৌরসভা, — আহবায়ক<br><br>(খ) জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চুনারুঘাট ও সদস্য পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা, — সদস্য<br><br>(গ)জনাব টিটন দাশ, উপসহকারী প্রকৌশলী, চুনারুঘাট পৌরসভা — সদস্য<br><br>কমিটি আশপাশের অন্যান্য পৌরসভা ও সমজাতীয় অন্যান্য প্রতিষ্ঠানের ভাড়ার হার, স্থানীয় বাজার মূল্য এবং এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান পর্যালোচনা করে ভাড়া পুনঃনির্ধারণ সংক্রান্ত বিষয়ে পরবর্তী সভায় প্রস্তাবনা/সুপারিশ পেশ করবেন। কমিটির সুপারিশ/প্রস্তাব পাওয়ার পর এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

০১/০৩/২৬

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং : চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/২৮৫ — তারিখ : ০১.০৩.২০২৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান/ শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৮। জনাব ..............................................................................
৯। অফিস নথি।

০১/০৩/২৬

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।